

পুষ্টি প্রত্যক্ষ প্ল্যাটফর্ম

সভার তারিখ-

সভা	তারিখ
১ম সভা	২৫.১১.২০১৮
২য় সভা	০৭.০৩.২০১৯
৩য় সভা	২২.০৭.২০১৯
৪র্থ সভা	১৯.১২.২০১৯

প্ল্যাটফর্মের উদ্দেশ্য-

- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার আলোকে পুষ্টি প্রত্যক্ষ নীতি /কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ।
- প্রত্যক্ষ পুষ্টি কার্যক্রমে বিনিয়োগ বৃদ্ধি ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
- প্রত্যক্ষ পুষ্টি সম্পর্কিত জ্ঞান সম্প্রসারণে বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদকে সহায়তা দান।
- সার্বিক পুষ্টি উন্নয়ন কর্মকান্ডে সহযোগীতা প্রদান।
- বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।
- প্রয়োজনবোধে কমিটি পুষ্টির ক্ষেত্রে বিশেষ আগ্রহ সম্পন্ন অনধিক ০৩ (তিন) জন বিশেষজ্ঞকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।
- কমিটি প্রতি ২ মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে; ন্যূনতম এক-তৃতীয়াংশ (১/৩) সদস্য সমন্বয়ে সভার কোরাম পূর্ণ হবে।

সম্পন্নকৃত কার্যক্রম-

- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা (২০১৬-২০২৫)-এর সাথে সম্পর্কিত বিভিন্ন সেক্টর এর ২৫টি অগ্রাধিকার ভিত্তিক সূচক নির্ধারণ করা হয়েছে যার মধ্যে ১৬ টি পুষ্টি প্রত্যক্ষ সূচক হিসেবে চিহ্নিত করা হয়েছে।
- পুষ্টি প্রত্যক্ষ কার্যক্রমগুলোর এর নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে।
- দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা (২০১৬-২০২৫)-এর আলোকে পুষ্টি প্রত্যক্ষ কেন্দ্রীক চলমান বিভিন্ন ওপি (০৯ টি) তাদের কার্যক্রমগুলোর হালানাগদ তথ্য বাজেটসহ ছক আকারে প্রেরণ করেছে।
- প্ল্যাটফর্মের নিয়মিত সভা আয়োজন করা হচ্ছে।

গৃহীত/ পরিকল্পিত কার্যক্রম-

- গ্রামাঞ্চলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এবং শহরাঞ্চলে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের বিদ্যমান প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা সেবার সঙ্গে বেসরকারী প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ের মাধ্যমে পুষ্টি কেন্দ্রিক কার্যক্রম বিস্তার করার কৌশল প্রণয়ন।
- শহরের বস্তি ও দুর্গম এলাকাসমূহের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য পুষ্টি-কেন্দ্রিক প্রত্যক্ষ কার্যক্রম বিস্তার করার কৌশল প্রণয়ন।
- মানবিক সংকট পরিস্থিতি (যেমন- দুর্যোগ, মহামারী ইত্যাদি) –এ পুষ্টি প্রত্যক্ষ কার্যক্রম এবং ওয়াশ নিশ্চিতকরণ তথা জোরদার করার কৌশল প্রণয়ন।
- পুষ্টি প্রত্যক্ষ কার্যক্রম বাস্তবায়নের আর্থিক অগ্রগতি পর্যালোচনা এবং তা বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা চিহ্নিত করা।
- চলমান পুষ্টি প্রত্যক্ষ কার্যক্রমগুলোর পাশাপাশি কিশোর ও বয়োজ্যেষ্ঠদের পুষ্টি কর্মসূচী জোরদার করা।
- **SUN Budget Tracking Mechanism** এর জন্য গঠিত ৩ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক প্রতিবেদন তৈরি ও প্রেরণ।

প্রতিবন্ধকতাসমূহ-

- প্ল্যাটফর্মের সভাগুলিতে বেশিরভাগ সদস্যকে একত্রিত করে তাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করে প্ল্যাটফর্ম কার্যকারিতা বৃদ্ধি করা সম্ভবপর হয়নাই।
- প্ল্যাটফর্মের সভা আয়োজন করার জন্য প্রয়োজনীয় আর্থিক যোগান না থাকা।